গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০২.০০০.২০.০০৩০.২৬- ৭৮৪ তাং২৫/০৬/২০২৬খ্রি.

বিষয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট বরাদ্দের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব কার্যক্রমের আগামী ২০২৬-২৭ অর্থ বছরের পরিচালন বাজেট বরাদ্দের প্রস্তাব প্রেরণের জন্য জেলা পর্যায়ের উপপরিচালকের কার্যালয়, জেলাধীন সকল উপজেলা কার্যালয় ও শিশু দিবাযত্ন কেন্দ্রের বাজেট বরাদ্দের প্রস্তাব (সংযুক্ত ছক "ক" ও "খ" অনুযায়ী) আগামী ০১/০৭/২৫ তারিখের মধ্যে সদর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২। প্রধান কার্যালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্র (সংযুক্ত ছক "খ"অনুযায়ী) মহিলা সহায়তা কর্মসূচি (সংযুক্ত ছক "গ" অনুযায়ী),রাজস্ব কার্যক্রমের ৩টি কর্মজীবী মহিলা হোস্টেল (সংযুক্ত ছক "ঘ" অনুযায়ী) এবং ৮টি প্রশিক্ষণ কেন্দ্রের (সংযুক্ত ছক "ঙ" অনুযায়ী) সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা **২০২৬-২৭ অর্থ বছরের বাজেট** বরাদ্দের প্রস্তাব ও আগামী ০১/০৭/২০২৬ তারিখের মধ্যে সদর কার্যালয়ে প্রেরণের নিশ্চিত করবেন।

৩। এমতাবস্থায়, বাজেট বরাদ্দের প্রস্তাব এমন ভাবে প্রস্তুত করতে হবে যেন, পরবর্তী সংশোধিত বাজেট বরাদ্দে কোন অতিরিক্ত অর্থের প্রস্তাব বা অর্থ সমর্পন করতে না হয়। জুলাই মাসের বেতন ভাতাদি পরিশোধের জন্য জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে বাজেট বরাদ্দ ন্যস্ত করার লক্ষ্যে আগামী ০১/০৭/২৬ তারিখের মধ্যে সদর কার্যালয়ে বাজেট বরাদ্দের প্রস্তাব (সংযুক্ত ছক অনুযায়ী) প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। কোন কার্যালয়ের বাজেট বরাদ্দের প্রস্তাব বাদ দিয়ে প্রেরণ করা যাবে না।

বিষয়টি অতীব জরুরী।

২৫/০৬/২০২৬
(নাঈমা হোসেন)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন ঃ ৫৮৩১০৬২৯

কার্যার্থে বিতরণ ঃ

১। উপপরিচালক (ম্যাজিস্ট্রেট), মহিলা সহায়তা কর্মসূচি..............................
২। উপপরিচালক, শিশু দিবাযত্ন কেন্দ্র (সদর কার্যালয় ও ১৩টি দিবাযত্ন কেন্দ্রের বরাদ্দ পৃথক পৃথক ভাবে প্রেরণ করতে হবে)।
৩। উপপরিচালক, উপ-পরিচালক এর কার্যালয় ................
৪। হোস্টেল সুপার..................................
৫। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/ সহকারী পরিচালক,............................... প্রশিক্ষণ কেন্দ্র।
৬। সহকারী পরিচালক(কেঃ ডেঃ), মহিলা সহায়তা কর্মসূচী..............................
৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।
৮। ডে-কেয়ার অফিসার................................
৯। অফিস কপি।